গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কর কমিশনারের কার্যালয়**
**কর অঞ্চল-১৩, ঢাকা।**
**১৫, পুরানা পল্টন (চৌধুরী কমপ্লেক্স) ঢাকা।**

নথি নং-বিভাগীয় নির্বাচন/কঃঅঃ-১৩/২০২২-২০২৩/ ৫১৮

তারিখ ২৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

## নিয়োগপত্র

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-২(কর) এর নথি নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০২১.১১-৯১৮, তারিখঃ ২১ অক্টোবর ২০১৮ খ্রিঃ ও নথি নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০২১.১১-৯৫৩, তারিখঃ ০৪ নভেম্বর ২০১৮ খ্রিঃ এর ছাড়পত্র এবং অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩(আয়কর) এর নথি নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯-৩৯৯, তারিখঃ ০৩ নভেম্বর ২০২২ খ্রিঃ এর প্রাপ্ত ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-১৩ ঢাকা এর অধীনে সরাসরি কোটার বিপরীতে ১৬ তম গ্রেড এর গাড়ি চালক পদে সরাসরি কোটায় লোক নিয়োগের লক্ষ্যে বিভাগীয় নির্বাচন কমিটির ১২/০৪/২০২৩ খ্রিঃ তারিখের সুপারিশ অনুযায়ী নিম্নলিখিত ব্যক্তি/ব্যক্তিগণকে অস্থায়ী ভিত্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর বেতনক্রম টাঃ (৯,৩০০/- - ২২,৪৯০/-) ও সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদিসহ কর অঞ্চল-১৩, ঢাকা এর অধীনে **"গাড়ি চালক"** পদে (মেধাক্রম অনুসারে) নিয়োগ প্রদান করা হলোঃ-

| মেধাক্রম | রোল নম্বর | নাম, পিতার নাম এবং মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | ১৫০০০০০২ | জনাব রাকিব হাসান সিয়াম<br>পিতা- মোস্তাক আহমেদ<br>মাতা- রোকেয়া বেগম | গ্রামঃ ১৮২৯,স্মৃতিধারা আ/এ(জিয়াস্মরণী),<br>রোড নং-০৩,<br>পোষ্টঃ দনিয়া<br>থানাঃ কদমতলী<br>জেলাঃ ঢাকা-১২৩৬। |
| ০২ | ১৫০০০০০৯ | জনাব মোঃ আশরাফ হোসেন<br>পিতা- আঃ মজিদ দেওয়ান<br>মাতা- আফিয়া বেগম | গ্রামঃ বক্তারনগর<br>ডাকঘরঃ দাউদপুর<br>উপজেলাঃ নবাবগঞ্জ<br>জেলা ঃ ঢাকা-১৩২২। |
| ০৩ | ১৫০০০০৩৩ | জনাব ওমর ফারুক<br>পিতা- জিনাত হোসেন<br>মাতা- ফাতেমা বেগম | গ্রামঃ ডায়ার কুম সুতারপাড়া<br>ডাকঘরঃ আল-আমিন বাজার<br>উপজেলাঃ দোহার<br>জেলাঃ ঢাকা-১৩৩০। |

২। **এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২(দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে তাঁর/তাঁদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বলে প্রতীয়মান না হলে কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকুরী অবসান ঘটাতে পারবেন।

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকে পুলিশ ভেরিফিকেশন ফরম এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ পূরণ করে জমা দিতে হবে (এই ফরম চাকুরীতে যোগদানের সময় সরবরাহ করা হবে)। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের স্থায়ী ঠিকানা ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এই নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গরমিল বা অসংলগ্নতা পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবেন।

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিগণের শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিম ও শারীরিক প্রতিবন্ধি সনদ, আনসার ও ভিডিপি সনদ যাচাই করা হবে। ভবিষ্যতে সংশ্লিষ্ট সনদের সঠিকতা প্রমাণিত না হলে অথবা পরবর্তীতে কোন ভুল বা অসংলগ্ন তথ্য প্রমাণিত/উদঘাটিত হলে অথবা সনদ প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক মুক্তিযোদ্ধা সনদ, এতিম ও শারীরিক প্রতিবন্ধি সনদ, আনসার ও ভিডিপি সনদ বাতিল বা প্রত্যাহার করা হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থী চাকুরীচ্যুত হবেন। এ ক্ষেত্রে কর অঞ্চল-১৩, ঢাকায় চাকুরীতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরত প্রদান করতে হবে। যোগদানকালে এ বিষয়ে ৩০০ টাকার স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

(ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ প্রজাতন্ত্রের যে কোন স্থানে চাকুরী করতে বাধ্য থাকবেন।

(ঙ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। উল্লেখিত সনদে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

(চ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকে যোগদানের সময় প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের নিমিত্তে মূল সনদপত্র প্রদর্শন পূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক উক্ত সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও এ নিয়োগপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

(ছ) চাকুরীতে তাঁর/তাঁদের জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে।

(জ) চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) নিয়োগপত্রে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। উপর্যুক্ত প্রার্থীদের নাম মেধাক্রম অনুযায়ী সাজানো হয়েছে।

৪। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

৫। উপর্যুক্ত শর্তাবলী অনুযায়ী চাকুরীতে যোগদানে সম্মত হলে আগামী ১৮/০৪/২০২৩ খ্রিঃ তারিখ, রোজ-মঙ্গলবার পূর্বাহ্নে তাঁকে/তাঁদেরকে ১৫, পুরানা পল্টন (চৌধুরী কমপ্লেক্স, ৭ম তলা) ঢাকাস্থ কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-১৩, ঢাকায় উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে কোন সন্তোষজনক কারণ ব্যতিরেকে চাকুরীতে যোগদানে ব্যর্থ হলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর/তাঁদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। করণিক ভুল ত্রুটি সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। জনস্বার্থে এই নিয়োগ প্রদান করা হলো এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২/৪/২৩

(মোঃ মনির হোসেন)
কর কমিশনার
কর অঞ্চল-১৩, ঢাকা।
ফোনঃ ২২৩৩৫৮৬২২

নথি নং-বিভাগীয় নির্বাচন/কঃঅঃ-১৩/২০২২-২০২৩/ ৫১৮(১-৭)

তারিখ ২৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)ঃ**

১। সিনিয়র সহকারী সচিব, উদ্বৃত কর্মচারী শাখা/পরিসংখ্যান ও গবেষণা সেল, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। দ্বিতীয় সচিব(কর প্রশাসন-২), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সিভিল সার্জন,-------------------------------------------
৫। সংশ্লিষ্ট কর্মচারী-------------------------------------------
৬। এই অফিসের হিসাব ও বাজেট শাখা/গোপনীয় শাখা।
৭। অফিস কপি।

১২/০৪/২৩

(শুহান সাঈদ)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-১৩, ঢাকা।
ফোনঃ ২২৩৩৫৮৯৭৬